১৫

দৈনিক সংবাদ

তারিখ 20 SEP 1994
পৃষ্ঠা ১২ কলাম ৭

# নগরীর নামীদামী কলেজগুলোতে ভর্তির সমস্যা তীব্রতর হবে

(নিজস্ব বার্তা পরিবেশক) ঢাকার নামীদামী কলেজগুলোতে এবছর একাদশ শ্রেণীতে ভর্তির সমস্যা গত বছরগুলোর তুলনায় আরো তীব্রতর হবে। এবার ৪টি বোর্ডে ৪ লাখ ৯০ হাজার ছাত্রছাত্রী উত্তীর্ণ হয়েছে। গত বছর ছিল ৪ লাখ ৪ হাজার ৪শ' ২ জন। ঢাকা বোর্ডের ৯১ হাজার ২শ' ১৮ জনসহ সারাদেশে ২ লাখ ৪৬ হাজার ১শ' ১১ জন প্রথম বিভাগপ্রাপ্ত ছাত্রছাত্রীর অনেকেই এই কলেজগুলোয় ভর্তির চেষ্টা করেও অবধারিতভাবে ব্যর্থ হবে। শুধু ভাল কলেজ কেন, রাজধানীর সরকারি/বেরসকারি মোট ৬১টি কলেজে এদের সিংহভাগও ভর্তি হতে পারবে না। ৬১টি কলেজে আসনসংখ্যা রয়েছে ১৩ হাজার।

নগরীর অধিকাংশ কলেজ ইতিমধ্যেই ভর্তির আবেদনপত্র বিতরণ করেছে এবং এখনও করছে। কোন কোন কলেজে ভর্তি পরীক্ষা হবে সহসা। ছাত্রছাত্রীদের সুবিধার্থে কয়েকটি কলেজের ভর্তি সংক্রান্ত সংক্ষিপ্ত তথ্যাবলী দেয়া হলোঃ

হলিক্রস কলেজ : ফার্মগেট। ফোন : ৩১০৪৯৩। এ কলেজে একাদশ শ্রেণীতে বিজ্ঞান বিভাগে আসন রয়েছে ৩শ' আর মানবিকে ২শ'। ভর্তির জন্যে যোগ্যতা চাওয়া হয়েছে বিজ্ঞানে স্টার মার্ক অর্থাৎ ৭৫০ নম্বর, মানবিকে ১ম বিভাগ। আবেদনপত্র দেয়া হচ্ছে সকাল সাড়ে ৮টা হতে বেলা ১২টা অবধি। ফরমের দাম ১শ' ২০ টাকা। ভর্তি পরীক্ষা হবে ২৪ ও ২৫শে সেপ্টেম্বর।

ঢাকা কলেজ : মীরপুর রোড। কলেজ সূত্রে জানা গেছে আগামী ২৮ তারিখ থেকে ভর্তির আবেদনপত্র দেয়া হবে। যোগ্যতা ধরা হবে বিজ্ঞানে ৮শ', মানবিকে ৭শ' এবং বাণিজ্যে ৭৩০ নম্বর। আসন সংখ্যা যথাক্রমে ৫শ', ৪শ' এবং সাড়ে ৪শ'।

নটরডেম কলেজ : আরামবাগ। ফোন : ৮৩২৬৯৫। আবেদনপত্র সংগ্রহের জন্যে যোগ্যতা চাওয়া হয়েছে বিজ্ঞানে উচ্চতর গণিতসহ ৭৫০ নম্বর, বাণিজ্যে ৬৫০ (ঢাকার বাইরে ৬০০ নম্বর), মানবিকে ৬শ'। আসনসংখ্যা : বিজ্ঞানে ৮৫০, বাণিজ্যে ৩৫০ আর মানবিক বিভাগে ২৫০। আবেদনপত্রের দাম দেড়শ' টাকা। ভর্তি পরীক্ষা ২২, ২৩ ও ২৪শে সেপ্টেম্বর।

বদরুন্নেসা কলেজ : বকশীবাজার। ফোন : ৫০২৪২৯। একাদশ শ্রেণীতে আসনসংখ্যা বিজ্ঞানে ৩৫০ এবং মানবিকে ৫০০টি। ১লা অক্টোবর থেকে আবেদনপত্র সংগ্রহ করা যাবে। যোগ্যতা চাওয়া হবে বিজ্ঞানে ৭৫০ ও মানবিকে ৬শ' নম্বর।

ইডেন কলেজ : আজিমপুর। ফোন : ৫০২৯৭২। ভর্তির আবেদনপত্র সংগ্রহের তারিখ এখনো ঘোষণা করা হয়নি, তবে ঘোষণা করা হবে সহসা। যোগ্যতা ধরা হবে বিজ্ঞানে ৭৫০, বাণিজ্যে ৬৫০ এবং মানবিকে ১ম বিভাগ। একাদশ শ্রেণীতে আসন রয়েছে বিজ্ঞানে ২৫০, বাণিজ্যে ২০০ এবং মানবিকে ২২৫টি।

ঢাকা রেসিডেন্সিয়াল মডেল কলেজ : মোহাম্মদপুর। আবেদনের যোগ্যতা : বিজ্ঞানে ৭৭৫ এবং মানবিকে ৬৫০ নম্বর। আসন রয়েছে যথাক্রমে ১০০ ও ৫০টি।

ঢাকা কমার্স কলেজ : ধানমন্ডি ( বাড়িঃ ২৫১, সড়কঃ ১২/এ)। ফোন : ৩২৪৯৩০। আবেদনের যোগ্যতাঃ ৬শ' নম্বর।

ঢাকা সিটি কলেজ : ধানমন্ডি। ফোন : ৫০৯৮৪৭। এ কলেজে আবেদনপত্র দেয়া হচ্ছে প্রতিদিন সকাল ৮টা থেকে বিকেল ৫টা অবধি। জমা দেয়ার শেষ তারিখ ২৯শে সেপ্টেম্বর। দামঃ ১৫০ টাকা। ভর্তির জন্যে যোগ্যতা বিজ্ঞানে ৭০০, বাণিজ্যে ৬৫০ এবং মানবিকে ৬০০ নম্বর। ছাত্রীদের জন্যে যথাক্রমে ৬০০, ৫০০ এবং ৫০০ নম্বর করে। ভর্তি হতে পারবে বিজ্ঞানে ৫০০, বাণিজ্যে ৭৭০ এবং মানবিক বিভাগে ২২০ জন ছাত্রছাত্রী।

লালমাটিয়া মহিলা কলেজ : লালমাটিয়া। ফোন : ৩১৯৫৭৩। যোগ্যতাঃ প্রথম বিভাগ। আবেদনপত্র দেয়া হয় প্রতিদিন সকাল ৯টা থেকে বেলা ১টা পর্যন্ত। দাম : দেড়শ' টাকা। জমা দেয়ার শেষ তারিখঃ ২১শে সেপ্টেম্বর।

তেজগাঁও কলেজ : ইন্দিরা রোড, ফার্মগেট। যোগ্যতা : বিজ্ঞান ও বাণিজ্য বিভাগে ১ম বিভাগ, মানবিকে ২য় বিভাগ। নৈশ শাখায় বাণিজ্য ও মানবিকে ২য় বিভাগ। আবেদনপত্র পাওয়া যাবে প্রতিদিন সকাল ৮টা–১টা, বিকেল ৫টা–৮টা।

এছাড়াও আরো কিছু কলেজ, যেগুলোয় ভর্তির ব্যাপারে সুনির্দিষ্ট শর্ত প্রায় নেই, ছাত্রছাত্রীদের সুবিধার্থে সেসব কলেজের ভর্তি সংক্রান্ত তথ্যাবলী দেয়া হলঃ

মোহাম্মদপুর মহিলা কলেজ : নূরজাহান রোড, মোহাম্মদপুর। ফোনঃ ৩১৪৪৪২। বিজ্ঞান, বাণিজ্য ও মানবিক বিভাগে ভর্তির জন্যে প্রতিদিন সকাল ৮টা থেকে বেলা ৩টা পর্যন্ত যোগাযোগ করা যাবে।

আয়েশা আমিন গার্লস কলেজ : ধানমন্ডি (ঈদগাহ মাঠ সংলগ্ন)। ফোন : ৮১৮২০২/৩১৪২২৮। ৫০ টাকা মূল্যে প্রতিদিন সকাল ৮টা থেকে ৫টা পর্যন্ত আবেদনপত্র দেয়া হচ্ছে। শেষ তারিখ ২৬শে সেপ্টেম্বর।

আবুজর গিফারী কলেজ : মালিবাগ। ফোন : ৪০৯৫৯২। দিবা ও নৈশ শাখায় আবেদনপত্র দেয়া হচ্ছে সকাল ৯টা থেকে ১টা ও বিকেল ৫টা থেকে রাত ৮টা পর্যন্ত।

মেট্রোপলিশ কলেজ : আজিমপুর। ফোন : ৫০৭৫৬৪। ভর্তির আবেদনপত্র দেয়া হচ্ছে সকাল ৯টা থেকে বিকেল ৫টা পর্যন্ত। ভর্তি পরীক্ষা ২৩শে সেপ্টেম্বর।

শেখ বোরহানউদ্দিন কলেজ : নাজিম উদ্দিন রোড। ফোন : ২৪৬৬০৬। দিবা ও নৈশ বিভাগে সকাল ৯টা থেকে রাত ৮টা পর্যন্ত আবেদনপত্র পাওয়া যাবে।